


পরিবেশ সুরক্ষায় ব্যতিক্রমী অঙ্গীকার

করোনাভাইরাস মহামারীর প্রেক্ষাপটে এবার ভিন্নভাবে পালিত হল বিশ্ব পরিবেশ দিবস। ইয়ুথ এন্ডিং হাঙ্গার ঢাকা জেলার অঞ্চলের সমন্বয়ক মহিউদ্দিন রনি সোশাল মিডিয়ায় সক্রিয় রয়েছেন নানা ক্যাম্পেইন নিয়ে। তার উদ্যোগ ‘আর্টিস্টস ফর চেইঞ্জ’-এর আত্মনে সাড়া দিয়ে অনেক তরুণ বন্ধুর জন্মদিনে গাছ উপহার দেওয়ার অঙ্গীকার করে ছবি ফেইসবুক, টুইটার ও ইন্সটাগ্রামে পোস্ট করছেন। অন্যদেরও তারা জলবায়ু পরিবর্তন সম্পর্কে সচেতন হতে এবং ক্যাম্পেইনে অংশ নিতে চ্যালেঞ্জ জানাচ্ছেন।

‘টেন মিনিট স্কুলে’র প্রতিষ্ঠাতা আয়মান সাদিক, তার সহযোগী সাকিব বিন রাশিদ, অস্তিক মাহমুদ, ‘ন ডরাই’ চলচ্চিত্রের অভিনেতা শরিফুল রাজ, অভিনেত্রী সুনোরা বিনতে কামাল,



ক্যাম্পাস ক্লাইমেঞ্জ চলচ্চিত্রের অভিনেতা খাইরুল বাশার, ডাকসুর এজিএস সাদাম হোসেইন, সাংস্কৃতিক সম্পাদক আসিফ তালুকদারসহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা ইতোমধ্যে এ ক্যাম্পেইনে অংশ নিয়েছেন।

ইয়ুথ লিডার মহিউদ্দিন রনির নেতৃত্বে ২০১৯ সালের জানুয়ারি মাসে একটি আন্দোলনের প্ল্যাটফর্ম হিসেবে যাত্রা শুরু করে ‘আর্টিস্টস ফর চেইঞ্জ’। জলবায়ু পরিবর্তন ও পরিবেশ বিপর্যয় থেকে পৃথিবীকে বাঁচাতে বন্ধু ও প্রিয়জনকে জন্মদিনে গাছ উপহার দিতে এবং তরুণদের গাছ লাগানোর চর্চায় অনুপ্রাণিত করতে এই ক্যাম্পেইন চালাচ্ছেন তারা। এর আগে একুশে গ্রন্থমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানকে কেন্দ্র করেও তারা প্রচার চালিয়েছেন।

উদ্যোগটির সমন্বয়কারী মহিউদ্দিন রনি বলেন, পরিবেশকে রক্ষা করতে আমাদের সকলের দায়বদ্ধতা রয়েছে। আর এই দায়বদ্ধতা থেকেই ‘আর্টিস্টস ফর চেইঞ্জ’ প্ল্যাটফর্মের বন্ধুরা লকডাউনে ঘরে বসেই অনলাইন ক্যাম্পেইনে পরিচালনা করছেন।

করোনাযোদ্ধা শারমিন

রংপুরের গঙ্গাচড়া উপজেলার কোলকোন্দ ইউনিয়নের দক্ষিণ কোলকোন্দ ডিঙ্গাপাড়া গ্রাম উন্নয়ন দলের সদস্য ও ইয়ুথ লিডার শারমিন সুলতানা বৃষ্টি করোনা মহামারীর শুরু থেকেই তার গ্রামকে করোনামুক্ত রাখতে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি গ্রামের ২২৫টি বাড়িতে জীবানুনাশক স্প্রে, ৫৫টি সচেতনতামূলক লিফলেট, ৫০০টি মাস্ক, হাত ধোয়ার সাবান বিতরণ ও এলাকার মানুষকে সঠিক নিয়মে হাত



ধোয়ার কৌশল শেখান। এলাকার মানুষের ভেতর সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা সৃষ্টি করেন পাড়ায় পাড়ায় গিয়ে। একইসাথে এলাকার গরীব অসহায় মানুষের খাদ্য সহায়তা দিতে ইউনিয়ন পরিষদ এবং

উপজেলা পরিষদের সাথে যোগাযোগ করে উপকারভোগীদের তালিকা তৈরির পাশাপাশি তাদের খাবারের ব্যবস্থা করেন তিনি। শারমিনের বিশ্বাস, সকল মানুষ সচেতন থেকে একযোগে কাজ করলে এলাকাকে খুব সহজেই করোনামুক্ত রাখা সম্ভব।

করোনাযোদ্ধা আশিক

রাজশাহীর চারঘাট উপজেলায় পান্নাপাড়া কমিউনিটি ক্লিনিক ও ইয়ুথ এন্ডিং হাঙ্গার ভায়ালক্ষ্মীপুর ইউনিয়ন ইউনিটের যৌথ উদ্যোগে পান্নাপাড়া কমিউনিটি ক্লিনিকে করোনাভাইরাস বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।



ভায়ালক্ষ্মীপুর ইউনিয়নের পান্নাপাড়া কমিউনিটি ক্লিনিকে পান্নাপাড়া, ডাকরা ও রায়পুর-এই তিনটি ওয়ার্ডের মানুষ সেবা নিতে আসে, যারা অনেকেই করোনাভাইরাস প্রতিরোধে অত্যাবশ্যক স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন না এবং মেনেও চলে না। উল্লেখ্য, ইতোমধ্যে রায়পুর

গ্রামের দুইজন ব্যক্তির করোনা পজিটিভ শনাক্ত হয়েছে। ফলে সংক্রমণের উচ্চ ঝুঁকি রয়েছে এই গ্রামসহ এলাকার অন্যান্য গ্রামের মানুষের।

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকির বিষয়টি অনুধাবন করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার ভায়ালক্ষ্মীপুর ইউনিয়নের ইয়ুথ লিডার আশিক ইসলাম। তিনি কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার নাসির উদ্দিনের সাথে এ বিষয় নিয়ে আলোচনা করে ক্লিনিকের দেয়ালে সচেতনতামূলক পোস্টার লাগিয়ে দেন এবং সেবা নিতে আসা মানুষদের মাস্ক পরিধান করে আসার জন্য উৎসাহিত করেন।

এছাড়াও তাদের উদ্যোগে সাবান দিয়ে ভালোভাবে হাত ধুয়ে ক্লিনিকে প্রবেশ করার ব্যবস্থা গ্রহণ করা হয়। এই কর্মসূচি গত মাসে শুরু হয়ে এখনও চলমান। কমিউনিটি ক্লিনিকে সংক্রমণ প্রতিরোধের এই উদ্যোগ এলাকার অন্যদেরকেও সচেতন হতে অনুপ্রাণিত করছে। সাধারণ মানুষ এখন স্বাস্থ্যবিধি বিষয়ে সচেতন হচ্ছেন।

প্রতিবেদন: নূরে ফজিলাতুন নেসা, রাজশাহী

Idea Contest

বিষয়
মহামারীর অভিজ্ঞতা:
কীভাবে করোনাসহিষ্ণু এলাকা গড়া সম্ভব?

ন্যূনতম ৮০০ শব্দের লেখা পাঠিয়ে জিতে নিতে পারেন পুরস্কার

প্রথম
পুরস্কার
৫০০০৳

দ্বিতীয়
পুরস্কার
৩০০০৳

তৃতীয়
পুরস্কার
২০০০৳

২১শে জুন ২০২০ এর মধ্যে নিজের টিকানা তে মেইল করতে হবে।
Email: yeh.bd@thp.org

বিজ্ঞানিক হস্তের জন্য যোগাযোগ করুন
www.facebook.com/YEHBD

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি
 সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
 প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
 সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
www.yeh.thpbd.org | thpbd.org
[facebook.com/YEHBD](https://www.facebook.com/YEHBD)

হেপাটিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
 ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
 ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

